# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৭ (অনুসন্ধান)
E-mail : **chairmanbisemym@gmail.com,**
www.mymensingheducationboard.gov.bd


নং- ৬ষ্ঠ রেজিঃ/২০২৪/ ১০৪৮ তারিখঃ ০৩/০৯/২০২৪ খ্রিঃ

বিষয়ঃ ২০২৪ সালের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধন প্রসঙ্গে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৪ সালে ৬ষ্ঠ শ্রেণির সকল শিক্ষার্থীদের তথ্য অনলাইন আপলোড, সংশোধন ও নিবন্ধন নিম্নরূপে সম্পন্ন করতে হবে-

১। ২০২৪ সালে অধ্যয়নরত ৬ষ্ঠ শ্রেণির সকল শিক্ষার্থীদের তথ্য অনলাইন আপলোড করতে হবে।

২। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যাক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধন করা যাবে না।

৩। জাতীয় শিক্ষানীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়স সীমা সর্বোচ্চ ২০ বছর।

৪। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষন করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবে।

৫। ১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখে ৬ষ্ঠ শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। নিবন্ধনের সময় শিক্ষার্থী/অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর এন্ট্রি করতে হবে। প্রয়োজনে বোর্ড থেকে এই মোবাইল নম্বরে যোগযোগ করা হবে।

৭। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধনকরণের সময়সূচি জরিমানা ছাড়া ১০/০৯/২০২৪ খ্রি. হতে ০৯/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপি এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে। এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

৮। শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে অনলাইনে প্রেরণ করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৯। (ক) ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার

| বিবরণ | শিক্ষার্থীর সংখ্যা | নিবন্ধন ফিস | স্কাউট ফিস | রেডক্রিসেন্ট ফিস | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ফিসের পরিমাণ | ০১ | ৫০/- | ১৫/- | ৮/- | ৭৩/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেডক্রিসেন্ট ফিস আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষার্থী প্রতি মোট ফিস (বিলম্ব ফিস ব্যতীত) ৭৩ (তিয়াত্তর) টাকা মাত্র।

১০। ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) বামপাশের মেন্যু থেকে **Our Services** এ গিয়ে **Institute Panel** বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১১। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১২। শিক্ষার্থীর নিজের এবং পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Engr, Late, Major, Colonel, Brigadier, Dr, Prof, ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA, MC, MSC, BA, BCOM, BCS, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

বি.দ্র. শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য প্রদানর সময় পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখের তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিইসি, জন্মনিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

(ড. মোঃ দিদারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ১০৪৮(৭) তারিখঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
৩. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
৪. উপ-পরিচালক (হি.নি.), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
৫. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ময়মনসিংহ।
৬. পিএস টু চেয়ারম্যান(চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
৭. অফিস কপি।

DIslam
02.09.2024
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

02.09.2024